
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলাদেশ ট্রেড পোর্টাল

## বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রজেক্ট-১
## ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়



স্থানীয় ও আন্তর্জাতিক
বাণিজ্য সম্পর্কিত
যাবতীয় তথ্যবলী খুঁজুন
বাংলাদেশ ট্রেড পোর্টালে!

www.bangladeshtradeportal.gov.bd

# সোনার বাংলা ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে....



জাতির জনক
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



মাননীয় প্রধানমন্ত্রী
শেখ হাসিনা, এমপি



মাননীয় মন্ত্রী,বাণিজ্য মন্ত্রণালয়
টিপু মুনশি, এমপি

## বাংলাদেশ ট্রেড পোর্টাল কী?

বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বের আন্তর্জাতিক বাণিজ্যিক ব্যবস্থার সঙ্গে মানিয়ে নিতে বাণিজ্য মন্ত্রণালয় বাংলাদেশ ট্রেড পোর্টাল প্রতিষ্ঠা করেছে, যার মাধ্যমে স্থানীয় ও আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্কিত যাবতীয় তথ্য একটি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে এবং বিশ্বব্যাংকের কারিগরি সহায়তায় ট্রেড পোর্টাল প্রকল্পের কাজ ২০১৫ সালের জানুয়ারি মাসে শুরু করা হয়। ট্রেড পোর্টালটি তৈরি করার সময় দেশের আমদানি-রপ্তানি বাণিজ্যের সাথে সম্পর্কযুক্ত সরকারি ও বেসরকারি সংস্থাগুলোর সাথে কয়েকটি কর্মশালার মাধ্যমে তাদের মতামত গ্রহণ করা হয়েছে।

সরকারের তথ্য অধিকার আইন, পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং বিশ্ববাণিজ্য সংস্থার ট্রেড ফ্যাসিলিটেশন এগ্রিমেন্ট এর আর্টিকেল-১ এর সঙ্গে সামঞ্জস্য রেখে এ পোর্টালটি তৈরি করা হয়েছে।

দক্ষিণ এশিয়ায় সর্বপ্রথম প্রতিষ্ঠিত বাংলাদেশ ট্রেড পোর্টাল ২০১৬ সালের ১৩ই মার্চ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়, যা সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন প্রক্রিয়াকে আরো ত্বরান্বিত করছে। প্রতিষ্ঠার পর থেকে ট্রেড পোর্টালটি দেশে এবং দেশের বাইরের ব্যবসায়ীদের নিকট হতে যথেষ্ট সাড়া পেয়েছে। এখন পর্যন্ত ১৬০ টিরও বেশি দেশ থেকে ওয়েবসাইটি নিয়মিত ভিজিট করা হয়েছে।

## ট্রেড পোর্টালের উপযোগিতা

ট্রেড পোর্টালের মাধ্যমে মূলত সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান ও অন্যান্য বাণিজ্য সংক্রান্ত সংস্থার স্থানীয় ও আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্কিত যাবতীয় তথ্যবলী একটি একক ওয়েব -সাইটে উপস্থাপন করা হয়েছে।

এর প্রধান উদ্দেশ্য হচ্ছে আমদানি-রপ্তানি বিষয়ক তথ্যগুলো সহজভাবে উপস্থাপন করা এবং ব্যবসায়ী সম্প্রদায়ের চাহিদা অনুযায়ী হালনাগাদ তথ্য প্রদান করা।

এই ওয়েবসাইটিতে বাংলাদেশে পণ্য আমদানি ও অন্যান্য দেশে পণ্য রপ্তানি সম্পর্কিত সকল প্রাসঙ্গিক তথ্যের হালনাগাদ সংস্করণ পাওয়া যাচ্ছে। আমদানিকৃত পণ্যের উপর আরোপিত শুল্ক, বিভিন্ন পারমিট, লাইসেন্স এবং কাস্টমস ক্লিয়ারেন্সের জন্য আবেদনের পদ্ধতিসহ আমদানি /রপ্তানি সংক্রান্ত যেকোন তথ্যের বিস্তারিত বিবরণ সহজ -বোধ্য প্রক্রিয়ায় উপস্থাপন করা হয়েছে। এছাড়াও, পোর্টালটিতে আমদানি-রপ্তানি সম্পর্কিত আইন ও বিধি-বিধানসমূহ, কাস্টমস্ শুল্ক, সীমান্ত বাণিজ্য, শুল্কমুক্ত ও কোটামুক্ত সুবিধা, টিবিটি/এসপিএস, দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক বাণিজ্য চুক্তি, জিএসপি, রেগুলেটরি/কমপায়েন্স ইস্যুসমূহ, বাণিজ্য বিষয়ক বিভিন্ন দলিলপত্র, প্রসেস ডায়াগ্রাম/ লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া, বাণিজ্য বিষয়ক বিভিন্ন ফরম ও সংশিষ্ট অন্যান্য তথ্যের হালনাগাদ সংস্করণ পাওয়া যাচ্ছে ।

# ট্রেড পোর্টালে উপস্থাপিত গুরুত্বপূর্ণ তথ্যাবলী

## রপ্তানি সংক্রান্ত তথ্যাবলী

রপ্তানি নীতি;
বাণিজ্যিক রপ্তানি প্রক্রিয়া;
রপ্তানিকারকদের জন্য নগদ প্রণোদনা;
রপ্তানিযোগ্য পণ্য তালিকা;
রপ্তানির নির্দেশিকা;
রপ্তানিকারকদের ডাটাবেজ।

## আমদানি সংক্রান্ত তথ্যাবলী

বাণিজ্যিক আমদানি প্রক্রিয়া;
আমদানি নীতি আদেশ;
আমদানি নিষিদ্ধ ও নিয়ন্ত্রিত পণ্যের তালিকা;
আমদানীকারকদের তালিকা।

## মার্কেট এক্সেস ইনফরমেশন

দ্বি-পাক্ষিক ও আঞ্চলিক বাণিজ্য চুক্তি এবং মুক্ত বাণিজ্য চুক্তি;
ডিউটি ফ্রি অ্যান্ড কোটা ফ্রি (ডিএফকিউএফ) মার্কেট এক্সেস;
অগ্রাধিকারমূলক বাজার (জিএসপি);
বিদেশস্থ মিশনের বাণিজ্যিক উইংসমূহ।

## উদ্যোক্তাদের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী

বাংলাদেশের অর্থনীতির চিত্র;
ব্যবসা/বাণিজ্য প্রক্রিয়া;
বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল;
এসপিএস/টিবিটি সংক্রান্ত তথ্য।

## বাংলাদেশ কাস্টমস্ ট্যারিফ শিডিউল

পণ্য অনুসন্ধান (এইচএস কোড অনুযায়ী);
শুল্ক পরিভাষাসমূহের ব্যাখ্যা;
লিগ্যাল ডকুমেন্ট ও স্ট্যান্ডার্ড;
বাণিজ্য প্রক্রিয়াকরণ সংক্রান্ত বিভিন্ন ফর্ম।

## বাংলাদেশ ট্রেড পোর্টালের সাধারণ উপকারিতা

| | |
|---|---|
| বাণিজ্যের উন্নয়ন | রপ্তানি ও আমদানি প্রক্রিয়ার সমস্ত প্রয়োজনীয় পদক্ষেপ এবং মূল্য বিবরণ স্পষ্টভাবে তুলে ধরে স্বচ্ছতা বৃদ্ধিকরণের মাধ্যমে |
| গতি বর্ধিতকরণ | তথ্যগত সেবা প্রদানের মাধ্যমে বাণিজের প্রক্রিয়াগত গতি বৃদ্ধিকরণ |
| হ্রাসকরণ | ব্যবসার খরচ এবং পদ্ধতিগত সময় |
| উৎসাহ প্রদান | সরকারি সংস্থাগুলির মধ্যে সমন্বয় এবং দক্ষতা বৃদ্ধিতে সরকারি সংস্থাগুলির মধ্যে সমন্বয় এবং দক্ষতা বৃদ্ধিতে |
| কমানো | আমদানি সংশিষ্ট আবশ্যিক শর্তসমূহ সম্পর্কিত তথ্য এক জায়গায় তালিকা-ভুক্ত করার মাধ্যমে আমদানীকারকদের সময় ও খরচ হ্রাসকরণ |
| মানসম্পন্নকরণ | আইন এবং প্রবিধানসমূহের উপস্থাপনা |
| প্রতিষ্ঠাকরণ | অন্যান্য দেশ এবং বিদেশী ব্যবসায়ীদের সাথে বাণিজ্য সম্পর্কিত বিশ্বাসযোগ্যতা |

## বাংলাদেশ ট্রেড পোর্টালের সুনির্দিষ্ট সুবিধাসমূহ

- স্থানীয় ও বিদেশী ব্যবসায়ীদের মধ্যে সংযোগ সাধন।
- অফিসিয়াল ট্রেড ইনকোয়েরি পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন।
- রপ্তানি সম্প্রসারণে সহায়তা করে।
- গবেষকদের জন্য ট্রেড রিপোজিটরি হিসাবে কাজ করে।
- কর্মসংস্থান সৃষ্টি করে।

# বর্তমান সংস্করণ এর উল্লেখযোগ্য বিষয় সমূহ

ট্রেড পোর্টালের বর্তমান সংস্করণটি মূলত এর দ্বিতীয় সংস্করণ হিসেবে পরিচিত। এ সংস্করণে ব্যবহারকারী-বান্ধব এবং ইন্টারেক্টিভ কনটেন্ট দিয়ে পোর্টালটি সজ্জিত করা হয়েছে। এটি ব্যবহার করার সময় ব্যবহারকারীরা নতুন অভিজ্ঞতা পাবেন এবং সহজেই প্রয়োজনীয় তথ্যাবলী খুঁজে পাবেন। ট্রেড পোর্টালের মূল বৈশিষ্ট্যাবলী নীচে বর্ণনা করা হলো। বাংলাদেশ ট্রেড পোর্টালকে আরো যুগোপযোগী ও ব্যবহারকারী-বান্ধব করতে ৩য় সংস্করণের কাজ প্রক্রিয়াধীন।

### ড্রপডাউন টপ বার মেনুতে প্রয়োজনীয় তথ্যাবলী সন্নিবেশন

ব্যবহারকারীরা পোর্টাল ব্রাউজিং এর শুরুতেই গুরুত্বপূর্ণ তথ্যবলী সহজেই খুঁজে পাবেন ।

### একাধিক ভাষায় বাংলাদেশ ট্রেড পোর্টাল তৈরির সুবিধা

বর্তমানে ওয়েবসাইটটির দুটি (বাংলা ও ইংরেজি) সংস্করণ রয়েছে। এর পাশাপাশি অন্যান্য প্রধান প্রধান ভাষা জন্য আলাদা সংস্করণ তৈরীর পরিকল্পনা রয়েছে।

### অভ্যন্তরীণ অনুসন্ধান ব্যবস্থা উন্নতকরণ

অভ্যন্তরীণ অনুসন্ধান ব্যবস্থা পুনর্বিন্যাস করা হয়েছে যাতে প্রয়োজনীয় তথ্য সহজেই খুঁজে বের করা সম্ভব হবে।

### সাইড বার মেনু সুসজ্জিতকরণ

পুরানো সংস্করণে সাইড বার মেনুতে কনটেন্টগুলো অগোছালো ভাবে উপস্থাপন করা হয়েছিল । বর্তমানে নির্দিষ্ট প্রকারভেদ অনুযায়ী তথ্যগুলো সাজানো হয়েছে।

### হোম পেইজে বাণিজ্য সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াবলী উপস্থাপন

আমদানি/রপ্তানি বিষয়ক তথ্যাবলী হোমপেইজে আকর্ষণীয় আইকনের মাধ্যমে প্রদর্শন করা হয়েছে।

### পণ্য বাণিজ্য (ট্রেড ইন গুডস) এবং সেবা বাণিজ্য (ট্রেড ইন সার্ভিস)

দ্বিতীয় সংস্করণে পণ্য বাণিজ্য এবং সেবা বাণিজ্য বিষয়ক মেজার্সগুলো যথাযথভাবে উপস্থাপনের সুবিধা অন্তর্ভুক্ত করা হয়েছে।

# বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প-১ এর অধীনে ট্রেড পোর্টালের উন্নয়ন পরিকল্পনা

বাংলাদেশ ট্রেড পোর্টালের টেকসই যোগ্যতা নিশ্চিত করার জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্পের একটি সাব-কম্পোনেন্ট হিসেবে বাংলাদেশ ট্রেড পোর্টাল এর অব্যাহত উন্নয়ন কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। ট্রেড পোর্টালের উপযোগিতা আরও বৃদ্ধির জন্য এবং ব্যবসায়ীদের জন্য সত্যিকার অর্থে কার্যকর একটি বাণিজ্য তথ্য বাতায়ন গঠনের জন্য প্রকল্পের অধীনে নিম্নোক্ত পরিকল্পনাগুলো বাস্তবায়ন বিবেচনাধীন রয়েছে:

- অ্যান্ড্রয়েড ও আইওএস প্লাটফর্ম ভিত্তিক মোবাইল অ্যাপস তৈরি করা;
- রপ্তানি বাণিজ্যে গার্মেন্টস শিল্পের অবদানের কথা বিবেচনা করে এই ইন্ডাস্ট্রির জন্য প্রয়োজনীয় সব ধরণের হালনাগাদ তথ্যসহ একটি বিশেষায়িত সেকশন তৈরি করা;
- বাণিজ্য তথ্য অনুসন্ধান কেন্দ্র এর মাধ্যমে রিয়েল টাইম তথ্য আদান-প্রদানে সহায়তা করা;
- অগ্রাধিকার খাত, পণ্য ও বাজার সন্ত্রান্ত তথ্য বাংলাদেশ ট্রেড পোর্টালে সন্নিবেশিতকরা;
- নারী উদ্দ্যোগতাদের জন্য পৃথক তথ্যভান্ডার তৈরি করা
- এক জেলা এক রপ্তানি পণ্য সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করা;
- আমদানিকারক/রপ্তানিকারকদের জন্য পণ্য-ভিত্তিক ও বাজার-ভিত্তিক ভিডিও কনটেন্ট/টিউটোরিয়াল তৈরি করা;
- প্রান্তিক পর্যায়ে ব্যবসায়ীদের জন্য বিশেষায়িত বিভাগ তৈরি করা;
- প্রধান আমদানি/ রপ্তানি পণ্যদ্রব্যগুলোর জন্য Sector Brief তৈরী করা;
- মাসিক ট্রেড বুলেটিন প্রকাশ এবং অনলাইনে ব্যবসায়ীদের নিকট পাঠানো;
- একাধিক ভাষায় সংস্করণ তৈরি করা;
- নতুন উদ্যোক্তাদের নিয়ে ট্রেড নেটওয়ার্কিং ডাটাবেস গঠন এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণা চালানো;

প্রকাশ ও প্রচারে: বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প-১, বাণিজ্য মন্ত্রণালয়, সেপ্টেম্বর ২০২০

ঠিকানাঃ লেভেল-১২ (পশ্চিম পার্শ্বে) প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
ফোনঃ ৫৫১৩৮০২২, ই-মেইলঃ pdbrcp1moc@gmail.com
www.bangladeshtradeportal.gov.bd